মেহেরপুরে ২ কোটি সাড়ে ৬০ লাখ টাকা মূল্যের স্বর্ণসহ আটক ২

বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)’র একটি বিশেষ টহল দল অভিযান চালিয়ে আনুমানিক ২ কেজি ৬১৮.৬৮ গ্রাম স্বর্ণ (২৫টি দ্বিখন্ডিত স্বর্ণের বার), নগদ ৫ হাজার ৮০৪ টাকাসহ দুই স্বর্ণ পাচারকারিকে আটক করেছে। এসময় তাদের কাছ থেকে দুইটি মোবাইল ফোন জব্দ করা হয়।

আটকরা হলেন, ঢাকার ধামরাই উপজেলার চৌহাট গ্রামের চকপাড়া এলাকার মৃত লাল মিয়ার ছেলে মোঃ আলাল হোসেন (৪৮) ও টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলার ভাওড়া গ্রামের বাদশা মিয়ার ছেলে মোঃ রাজিব হোসেন (২৯)।

আজ বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) ভোররাত সাড়ে ৫ টার সময় ঢাকা থেকে মেহেরপুরগামী ছেড়ে আসা “জেআর পরিবহন’’ (যার নং-১৪-৬৭৯১) তল্লাশি করে তাদের আটক করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লেঃ কর্নেল মোঃ মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি বিকাল সাড়ে তিনটার সময় প্রেসবিজ্ঞপ্তিতে এই তথ্য নিশ্চিত করেন।

প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়, কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)’র অধিনায়ক লেঃ কর্নেল মোঃ মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি”র নির্দেশনায় সহকারী পরিচালক মোঃ জাকিরুল ইসলামের নেতৃত্বে ব্যাটালিয়ন সদরের বিশেষ টহল দল সুনিদির্ষ্ট তথ্যের ভিত্তিতে মেহেরপুর জেলার সদর উপজেলার মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপি গ্রামের রাস্তা থেকে জেআর পরিবহনের ওই বাসটি তল্লাশি করে স্বর্ণসহ এই স্বর্ণ পাচারকারী আটক করা হয়।
উদ্ধারকৃত স্বর্ণের আনুমানিক মুল্য ২ কোটি ৬০ লাখ ২৫ হাজার ৮০৪ টাকা।

এ ব্যাপারে মামলা দায়ের এবং উদ্ধারকৃত স্বর্ণ ট্রেজারীতে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দামুড়হুদায় দেড় কোটি টাকার স্বর্ণসহ সাঈদ ড্রাইভার আটক

দামুড়হুদায় ১ কোটি ৫৪ লাখ টাকার স্বর্ণের তৈরি গহনা ও মোটরসাইকেলসহ এক চোরাকারবারিকে আটক করেছে চুয়াডাঙ্গা ডিবি পুলিশ।

আজ বুধবার দুপুরে চুয়াডাঙ্গা ডিবি পুলিশ স্বর্ণসহ তাকে আটকের বিষয়টি নিশ্চিত করেছে। এর আগে সকাল সাড়ে ১০টার দিকে দর্শনা- চুয়াডাঙ্গা বাইপাস সড়কের দামুড়হুদা লোকনাথপুর গ্রামের একটি আমবাগান থেকে তাকে আটক করা হয়। আটক ব্যাক্তি একই উপজেলার লোকনাথপুর গ্রামের দাউদ আলির ছেলে সাইদ হোসেন (৪০)। পরে লোকজনদের সামনে তার দেহ তল্লাশি করে ছয়টি ছোট বড় প্যাকেট ভর্তি এক কেজি ৬৩৫ গ্রাম স্বর্ণের গহনা ও চোরাচালান কাজে ব্যবহারের আর টি আর ১৬০ সিসি মোটরসাইকেল উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে ওই দিন সকাল সাড়ে ১০টার দিকে দর্শনা-চুয়াডাঙ্গা বাইপাস সড়কের দামুড়হুদা লোকনাথপুর গ্রামের একটি আমবাগানে অ্যাম্বুস করা হয়। এ সময় মোটরসাইকেলে একজন ব্যাক্তি পুলিশ দেখে পালানোর চেষ্টা করলে তাকে তাড়িয়ে আটক করা হয়।

চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ ও পরিদর্শন) মো: নাজিম উদ্দিন আল আজাদ ঘটনাস্থল পরিদর্শন শেষে সাংবাদিকদের জানান, আটক ব্যাক্তিকে মামলাসহ দামুড়হুদা থানায় হস্তান্তর এবং উদ্ধারকৃত স্বর্নালংকার ট্রেজারিতে পাঠানো হয়েছে।

ঝিনাইদহে আড়াই কোটি টাকার

স্বর্ণের বারসহ পাচারকারী আটক

ঝিনাইদহের মহেশপুর উপজেলার যাদবপুর সীমান্ত থেকে ৩২ পিস স্বর্ণের বারসহ ইমাম হোসেন (৩০) নামে এক যুবককে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

শনিবার (২২ অক্টোবর) সকালে মহেশপুর থানার বড়বাড়ী গ্রামের বি কে. নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় এলাকার পশ্চিম দিকের রাস্তার পার্শ্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক ইমাম হোসেন যশোরের চৌগাছা এলাকার আব্দুল খালেকের ছেলে।

৫৮ বিজিবি মহেশপুর ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল শাহীন আজাদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন যশোরের চৌগাছা এলাকা থেকে মোটরসাইকেলে স্বর্ণেরবার ভারতে পাচার করা হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে সীমান্ত এলাকার বড়বাড়ি গ্রামে অবস্থান নেয় বিজিবি। পরে সন্দেহ হলে বিদ্যালয়ের সামনে ইমাম হোসেনকে তল্লাশি করে ৩২ পিস স্বর্ণেরবার পাওয়া যায়।

লে. কর্নেল শাহীন আজাদ বলেন, ‘শুল্ক ফাঁকি দিয়ে আমদানি করা ৩২টি স্বর্ণেরবার জব্দ করা হয়েছে, যা ভারতে পাচারের চেষ্টাকালে ইমাম হোসেনকে আটক করা হয়। ৩ কেজি ৭১৯ গ্রাম ওজনের জব্দ করা স্বর্ণের আনুমানিক মূল্য ২ কোটি ৬৪ লাখ ৫৮৫ টাকা। এর আগেও ৫৮ বিজিবি কয়েকটি স্বর্ণেরবার জব্দ করেছে। আমাদের এ অভিযান অব্যাহত থাকবে। চোরাকারবারিরা যেন মহেশপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে কিছু পাচার করতে না পারে, সে ব্যাপারে আমরা সতর্ক অবস্থানে রয়েছি।’

লে. কর্নেল শাহীন আজাদ জানান, আটক ব্যক্তিকে মহেশপুর থানায় সোপর্দ করা হয়েছে। তার বিরুদ্ধে মামলা হবে। জব্দকৃত স্বর্ণগুলো মামলার আলামত হিসেবে জমা দেওয়া হয়েছে।